# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং- ২০ তারিখ: ১৫/০১/২০২৬ খ্রি.

**২০২৫ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে ভর্তি/রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২৫ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে ভর্তি/রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা ও শর্তাবলী : | ক) বাংলাদেশের স্বীকৃত যে কোনো শিক্ষাবোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২৩ সাল বা তৎপূর্বে এইচএসসি ও সমমান পরীক্ষায় এবং তৎসংশ্লিষ্ট এসএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৫ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট (বিএ/বিএসএস/বিবিএস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। |
| | খ)। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ( যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোনো শিক্ষার্থী ২০২৫ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৫ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে আবেদন করতে পারবে। |
| | গ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোনো শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| | ঘ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোনো শিক্ষার্থী ডিগ্রি (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না। |
| | ঙ) বাংলাদেশের স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রি (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রি (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে, সে সকল বিষয় ছাড়া নিম্নবর্ণিত যে কোনো একটি বিষয় নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য অনুমোদিত বিষয়সমূহ: ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। |
| | চ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোনো শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না। |
| | ছ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল অথবা অসম্পূর্ণ প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| ভর্তি/রেজিস্ট্রেশনের আবেদনের তারিখ: | ১৫/০১/২০২৬ তারিখ থেকে ১৯/০২/২০২৬ খ্রি. পর্যন্ত করা যাবে। |
| আবেদন পদ্ধতি: | আবেদন ফরম পূরণের জন্য আবেদনকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (**www.nu.ac.bd/admissions**) **Degree Pass** এ প্রবেশ করে **Blank Data Entry Form - Degree (Pass) Private** অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে পারবে। সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারীকে **Blank Data Entry Form – (Private Certificate Course)** অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। **Blank Data Entry Form** এর মাধ্যমে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (**Eligible**) কোর্স/বিষয়ের তালিকা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে তার প্রার্থিত কোর্স/বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে। চাঁদপুর সরকারি কলেজে আবেদনের ক্ষেত্রে কলেজ কোড- ৩৯০১। আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০ x ১৫০ **Pixels,Image Type:Jpg Maximum File Size: 50Kb.** সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিনকোড প্রদর্শিত হবে এবং ফরমটি **Download** করে **A4 (8.5''X 11'')** অফসেট কাগজে (**Print**) কপি নিতে হবে। |

| ভর্তিচ্ছুক কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ |
|---|---|---|
| ক) বি এ (পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | নিম্নের প্রদত্ত তিনটি গুচ্ছ থেকে একটি করে মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে। কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না।<br>ক গুচ্ছ ঃ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।<br>খ গুচ্ছ ঃ ইসলাম শিক্ষা/ দর্শন।<br>গ গুচ্ছ ঃ অর্থনীতি/ রাষ্ট্রবিজ্ঞান। |
| খ) বি এস এস (পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | ক গুচ্ছ থেকে ০২ (দুই) টি এবং খ গুচ্ছ থেকে ০১ (এক) টিসহ মোট ০৩ (তিনটি) বিষয় নির্বাচন করতে হবে।<br>ক গুচ্ছ ঃ অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞান।<br>খ গুচ্ছ ঃ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ ইসলাম শিক্ষা/ দর্শন। |
| গ) বি বি এস(পাস) | ১. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস(১ম বর্ষে)<br>২. জাতীয় ভাষা বাংলা(২য় বর্ষে)<br>৩. ইংরেজি (৩য় বর্ষে) | ক গুচ্ছ ঃ বিষয়সমূহ – অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। |

| | |
|---|---|
| ফি প্রদান পদ্ধতি | সেলফিন/বিকাশ/নগদ/উপায় অ্যাপস্-এর **Education Fee** (এডুকেশন ফি)/পে-বিল অপশনে প্রবেশ করে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর **Student ID** এর স্থলে অনলাইনে আবেদন ফরমের **Admission Roll** (যা ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লেখ আছে) লিখে **January-26 Select** করে আবেদন ফি বাবদ ১৪৭০/-(এক হাজার চারশত সত্তর) টাকা (সার্ভিস চার্জ স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে ট্যাপ করে **Payment** সম্পন্ন করতে হবে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ২২/০১/২০২৬ তারিখ হতে ১৮/০২/২০২৬ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে ফি জমা প্রদান করতে হবে। সেলফিন/বিকাশ/নগদ/উপায় অ্যাপস এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধের পর আবেদন ফরম ও ফি জমাদানের রশিদ ২২/০১/২০২৬ তারিখ হতে ১৯/০২/২০২৬ তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) কলেজ অফিসে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় রেজিস্ট্রেশন আবেদন নিশ্চয়ন সম্ভব হবে না। ১৮/০২/২০২৬ তারিখের মধ্যে আবেদনকারীর মোবাইলে আবেদন নিশ্চয়ন সংক্রান্ত **SMS** যাবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়ন **SMS** না পেলে ১৯/০২/২০২৬ তারিখের মধ্যে কলেজের হট লাইন নাম্বার ০১৭৩০৫৮৮৮৭৩ (সকাল ১০:০০ থেকে ২:০০টা পর্যন্ত)-এ যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। |

বি.দ্র: সংশ্লিষ্ট সকলকে ভর্তির সকল ক্ষেত্রে কলেজ বিজ্ঞপ্তি অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।

অধ্যক্ষ ১৫/০১/২০২৬
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি:
১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক.।
৩। কলেজ ওয়েবসাইট: **www.chandpurcollege.edu.bd**
৪। অফিস নথি।